NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-170**

বিষয়: **শূন্যপদ পূরণসহ সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স-এর সদস্যপদ মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া**

শ্রেণি: **সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স**

ইস্যুর তারিখ: **29 এপ্রিল, 2021**

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 28 জানুয়ারি, 2021 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান D-170 কে হালনাগাদ করে এবং তার স্থলাভিষিক্ত হয়।

## পরিবর্তনসমূহ

- প্রতি যোগ্য শিক্ষার্থীকে (সেকশন V.A.2) শুধুমাত্র একটি ভোট দানের পরিবর্তে তিনটি ভোট দানের সুযোগ প্রদান করে।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-170**
বিষয়: **শূন্যপদ পূরণসহ সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স-এর সদস্যপদ মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া**
শ্রেণি: **সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স**
ইস্যুর তারিখ: **29 এপ্রিল, 2021**


## সারসংক্ষেপ

এই প্রবিধান সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্সের (“CCELL”) সদস্য হওয়ার যোগ্যতার শর্ত এবং মনোনয়ন এবং বাছাই/নির্বাচনের প্রক্রিয়ার বিস্তারিত ব্যাখ্যা দেয়। এছাড়াও এটি শূন্যপদ পূরণের প্রক্রিয়াও ব্যাখ্যা করে।


## I. গঠন

শুধু একটি সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (CCELL) থাকবে যা 11 জন ভোটাধিকারী সদস্য এবং একজন ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্য সমন্বয়ে গঠিত হবে। ভোটাধিকারী সদস্যদের মাঝে, 9 জন অবশ্যই এই প্রবিধানে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী নির্বাচিত হবেন এবং তাদের নির্বাচনের সময় তাদেরকে এই প্রবিধানে সংজ্ঞায়িত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের পিতামাতা হতে হবে। অবশিষ্ট দুইজন ভোটাধিকারসম্পন্ন সদস্য **নিউ ইয়র্ক সিটি** পাবলিক এডভোকেট কর্তৃক মনোনীত হবেন। শিক্ষার্থী সদস্য মনোনীত হবেন নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (“DOE”) ডিভিশন অভ মাল্টাইলিঙ্গুয়াল লার্নারস (“DML”) কর্তৃক।

## II. যোগ্যতা

A. পিতামাতা সদস্য

1. সকল পিতামাতা সদস্য যারা CCELL-এ পরিষেবা প্রদান করেন তাদের সন্তানগণকে ইংরেজি ভাষা শিক্ষার্থী, অথবা দুই বছর আগের প্রক্তন ইংরেজি ভাষা শিক্ষার্থীর পিতামাতা হতে হবে। একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী (“ELL”) বলতে বোঝায় এমন একজন শিক্ষার্থী যার বাড়ির ভাষা ইংরেজি নয় এবং যে দ্বৈত ভাষা, উত্তরণমূলক দ্বিভাষী শিক্ষা, অথবা ইংলিশ অ্যাজ অ্যা নিউ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের শিক্ষার্থী কারণ তার ইংরেজি শিক্ষণে সহায়তার চাহিদা রয়েছে।

2. পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত বা পালক, সৎ-পিতা বা তত্ত্বাবধানকারী পিতামাতা), আইনগত অভিভাবক, বা যার সাথে সন্তানের পিতামাতাসূলভ সম্পর্ক আছে, এমন কোন ব্যক্তিকে বুঝায়। শিক্ষার্থীর

সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

3. CCELL-এর কোন আসনে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়।

4. পিতামাতা সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, সেটি সীমিত নয়।

B. পাবলিক এডভোকেটের নিযুক্তি

1. সদস্য দুইজন নিযুক্ত হবেন পাবলিক অ্যাভোকেটের দ্বারা এবং তাদের অবশ্যই ইংরেজি ভাষা শিক্ষার্থীদের শিক্ষায় ব্যাপক অভিজ্ঞতা ও জ্ঞানসম্পন্ন হতে হবে এবং তারা নিউ ইয়র্ক সিটির স্কুলসমূহে দ্বিভাষিক ও ENL কর্মসূচির উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবেন। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, সেটি সীমিত নয়।

2. পাবলিক অ্যাডভোকেট কর্তৃক CCELL-এ নিযুক্ত ব্যক্তিগণ DOE-র অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট ("FACE") থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করবেন, এবং পূরণকৃত ফর্মটি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ জমা দেবেন। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি পাবলিক অ্যাডভোকেটের কাছে পাঠাবেন। সকল নিযুক্তির সিদ্ধান্ত পাবলিক অ্যাডভোকেটের বিবেচনা অনুযায়ী হবে।

C. শিক্ষার্থী সদস্য (ভোটাধিকারহীন)

1. হাই স্কুল শিক্ষার্থী যারা তাদের পরিষেবার বছরে সিনিয়র বছরে থাকবে এবং যারা ELL শিক্ষার্থী আছে বা রয়েছে তারা DML কর্তৃক যোগ্য মনোনীত হবে। এই প্রবিধান সংশ্লিষ্ট উদ্দেশ্যে, 30 হাই স্কুল ক্রেডিটসম্পন্ন একজন সিনিয়রকে বিবেচনা করা হবে।

2. আগ্রহী শিক্ষার্থীদের অবশ্যই FACE থেকে আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত আবেদন ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ জমা দিতে হবে। FACE যোগ্যতা পর্যালোচনা করবে এবং যোগ্য আবেদনগুলি DML-এর কাছে পাঠাবে। সকল নিযুক্তির সিদ্ধান্ত DML-এর বিবেচনা অনুযায়ী হবে।

3. ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্যগণ এক-বছরের মেয়াদে পরিষেবা দিতে নির্বাচন হয়, যা শুরু হয় জুলাই মাসের 1 তারিখ থেকে এবং শেষ হয় পরবর্তী বছরের 30 জুন।

D. যেসব ব্যক্তি পরিষেবাদানের যোগ্য নন

1. নিচে উল্লিখিত ব্যক্তিগণ যোগ্য নন:

a. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (জাতীয়, স্টেট, বিচার বিভাগীয় বা অন্য কোন পার্টির সম্মেলনে, কিংবা কোন কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া);

b. বর্তমান DOE কর্মচারিগণ;

c. যেসব ব্যক্তি অন্য কোন সিটিওয়াইড কাউন্সিলে বা যেকোন কমিউনিটি কাউন্সিলে (CEC)-এ আছেন;

d. প্যানেল ফর এডুকেশন্যাল পলিসি-এর সদস্যগণ;

e. প্যারেন্ট অ্যাসোসিয়েশন অথবা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন ("PA/PTA"), স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, কিংবা টাইটেল ওয়ান কমিটি থেকে যেসব ব্যক্তিকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপকর্মের জন্য অপসারণ করা হয়েছে কিংবা এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল বা কমিটি থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং

f. DOE-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের অন্য মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।

2. নিচের উল্লিখিত ব্যক্তিগণ অযোগ্য বিবেচিত হতে পারেন:

   a. যেসব শিক্ষার্থী CEC বা সিটিওয়াইড কাউন্সিলে পরিষেবাদান কালে এমন অপকর্ম করেছে যা তার কাজের সাথে সরাসরি সম্পর্কযুক্ত; কিংবা

   b. কোন অপরাধে দণ্ডিত হবার জন্য, যদি সে ধরনের দণ্ড নিউ ইয়র্ক স্টেট কারেকশন আইনের 23-A সেকশন অনুযায়ী হয়ে থাকে।

## III. CCELL নির্বাচনে প্রার্থীতা চাওয়া

A. FACE নির্বাচন প্রক্রিয়াটি প্রকাশ করবে, এর অন্তর্ভুক্ত আবেদনপত্র জমাদান এবং ভোটিংয়ের সময়সীমা, যা শুরু হবে নির্বাচনের বছরের জানুয়ারিতে।

B. CCELL-এ পরিষেবাদানে আগ্রহী পিতামাতাগণ নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টের ("NYCSA") মাধ্যমে অনলাইনে আবেদনপত্র জমা দেবেন। যেসব পিতামাতার কমপিউটার ব্যবহারের সুবিধা নেই তারা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কমপিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে পারেন বা কোন পাবলিক লাইব্রেরির কমপিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

C. প্রার্থীগণ তাদের আবেদনপত্রে প্রত্যয়ন করবেন যে, তারা তাদের DOE স্কুলে অংশগ্রহণকারী সন্তানদেরকে তাদের NYCSA অ্যাকাউন্টে সংযুক্ত করেছেন। কোন প্রার্থী যিনি CCELL-এ আবেদন করছেন তাকে প্রত্যেক ডিস্ট্রিক্টের প্রতিনিধি বিবেচনা করা হবে যেখানে বর্তমানে প্রার্থীর এনরোলকৃত ELL শিক্ষার্থী রয়েছে অথবা গত দুই বছরের

মধ্যে এনরোলকৃত ELL শিক্ষার্থী ছিলো। কোন প্রার্থী যে ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করছেন, সেই ডিস্ট্রিক্ট সম্পর্কিত তথ্য প্রদান করতে ব্যর্থ হলে সেটি তাকে অযোগ্য বিবেচনার কারণ হতে পারে।

D. প্রার্থীগণ যোগ্য হলে যতগুলি ইচ্ছা কমিউনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের জন্য আবেদন করতে পারেন কিন্তু, যদি নির্বাচিত হন, তাহলে তিনি শুধু একটিতে পরিষেবা দিতে পারবেন। যেসব প্রার্থী একাধিক কাউন্সিলে আবেদন করতে আগ্রহী, তাদের অবশ্যই অগ্রাধিকারের ভিত্তিতে কাউন্সিলগুলিকে ক্রমানুসারে তালিকাভুক্ত করতে হবে; যদি তিনি একাধিক কাউন্সিলে নির্বাচিত হন, তাহলে তিনি শুধু সেই কাউন্সিলে পরিষেবা দেবেন যেটিকে তিনি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন।

## IV. প্রার্থী ফোরাম

A. FACE ন্যূনতম একটি প্রার্থী ফোরাম আহ্বান করবে যেখানে প্রার্থীগণ পিতামাতা এবং অন্য আগ্রহী পক্ষগুলির কাছে তাদের উপস্থাপনা দিতে অনুমোদিত হবেন।

B. প্রার্থী ফোরাম আহ্বান করতে হবে প্রার্থী হওয়ার আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ অতিক্রান্ত হওয়ার পর, তবে ভোটদান পর্ব শুরুর আগে, যা সমাপ্ত হতে হবে নির্বাচন বছরের মে মাসের দ্বিতীয় মঙ্গলবারে নির্ধারিত ভোটদানের সময়ের আগে।

C. প্রার্থী ফোরামসমূহ কোন এটি নির্দিষ্ট স্থানে উপস্থিতির মাধ্যমে অথবা ভার্চুয়াল মিটিং প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হতে পারে। FACE প্রার্থী ফোরামের তারিখ, সময় এবং কী ফরম্যাটে সেটি হবে তা নির্ধারণ করবে। সশরীরে উপস্থিতির ফোরামের ক্ষেত্রে, FACE একটি প্রবেশযোগ্য, ADA মেনে চলা স্থান খুঁজে নেবে এবং DOE স্থানগুলির জন্য প্রয়োজনীয় সকল পারমিট সংগ্রহ এবং তার খরচ বহন করবে। ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত ফোরামসমূহের ক্ষেত্রে, FACE প্ল্যাটফর্মের খরচ বহন এবং মিটিংয়ের সময় টেকনিক্যাল সহায়তা প্রদান করবে।

D. প্রতিটি প্রার্থী ফোরামের আগে, FACE প্রত্যেক প্রার্থীর আবেদনের কিছু অংশ লভ্য রাখবে যেখানে প্রার্থীর নাম, তার সন্তানের(দের) স্কুল(সমূহ) এবং প্রোগ্রাম, এবং ব্যক্তিগত বিবৃতির ("প্রার্থীর পরিচিতির পার্শ্বচিত্র") উল্লেখ থাকবে। পিতামাতা এবং জনসাধারণের দেখার জন্য DOE ওয়েবসাইটে প্রার্থী পরিচিতির পার্শ্বচিত্র পোস্ট করা হবে। FACE সশরীরে উপস্থিতির প্রার্থী ফোরামগুলির জন্য অনুলিপি বিতরণ করবে।

## V. নির্বাচন প্রক্রিয়া

A. যোগ্য ভোটারগণ

1. কোন DOE স্কুলে এনরোলড্ একজন ELL শিক্ষার্থীর পিতামাতা CCELL-এ ভোটদানের যোগ্য।

2. প্রত্যেক যোগ্য শিক্ষার্থী তিনটি ভোট দিতে পারবে।

B. ভোটদান

NYCSA আবেদনের মাধ্যমে পিতামাতাদের ভোটদানের উৎসাহ প্রদান করা হয়।

1. যেসব পিতামাতার কমপিউটার ব্যবহারের সুবিধা নেই তারা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কমপিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে পারেন বা কোন পাবলিক লাইব্রেরির কমপিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

2. সুপারিনটেনডেন্টদের অফিসগুলিতে কাগজের ব্যালটও পাওয়া যাবে। যদি কোন সুপারিনটেনডেন্টের অফিস NYCSA অ্যাকাউন্ট তৈরি করে এবং পিতামাতার পক্ষে পিতামাতার ভোট এন্টার করে, তাহলে সুপারিনটেনডেন্টের অফিস অবশ্যই পিতামাতা কর্তৃক পূরণকৃত কাগজের ব্যালটের (সমূহের) রেকর্ড সংরক্ষণ করবে যেখানে পিতামাতার বাছাইকরণ, সুপারিনটেনডেন্টের অফিসের জন্য পিতামাতার পক্ষে ভোটদানের সম্মতিতে NYCSA অ্যাকাউন্ট তৈরি, পিতামাতার পক্ষে সুপারিনটেনডেন্টের অফিস যে ভোট এন্টার করেছে তার সার্টিফিকেশনের রেকর্ড থাকবে।

C. পদাধিকারী প্রার্থী

1. যেকোন যোগ্য প্রার্থী কর্তৃক পূরণের জন্য CCELL-এ নয়টি আসন রয়েছে। তথাপি, কোন ডিস্ট্রিক্টের CCELL-এ একের বেশি প্রতিনিধি থাকবে না, এবং কমপক্ষে একজন CCELL সদস্যকে অবশ্যই বর্তমান একজন ELL শিক্ষার্থীর পিতামাতা হতে হবেন।

2. যখন ব্যালট গণনা করা হবে:

   a. সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত নয়জন প্রার্থীকে শর্তাধীনে আসন পূরণের জন্য নির্বাচন করা হবে। তারপরও, এই নয়জন প্রার্থীর মধ্যে একই ডিস্ট্রিক্টের যদি একাধিক প্রার্থী থাকেন, তাহলে সর্বোচ্চ সংখ্যক ভোট-প্রাপ্ত প্রার্থীকে নির্বাচিত করা হবে, একই ডিস্ট্রিক্টের অপেক্ষাকৃত কম ভোট প্রাপ্ত প্রার্থীগণকে বাদ দেয়া হবে, CCELL-এ ইতোমধ্যে প্রতিনিধিত্ব নেই এমন ডিস্ট্রিক্টের পরবর্তী সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত প্রার্থীকে শর্তাধীনে নির্বাচিত করা হবে।

   b. একই ডিস্ট্রিক্টের প্রার্থীদের বাদ দেয়ার পর শর্তাধীনে নয়জন নির্বাচিত প্রার্থীদের মধ্যে যদি কোন বর্তমান ELL পিতামাতা অন্তর্ভুক্ত না থাকেন, তাহলে সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত বর্তমান ELL শিক্ষার্থীর পিতামাতা শর্ত সাপেক্ষে নির্বাচিত হবেন। যদি ইতোমধ্যে নির্বাচিত প্রার্থীর মতো এই পিতমাতা একই ডিস্ট্রিক্টের হন এবং CCELL-এ ইতোমধ্যে প্রতিনিধিত্ব নেই এমন ডিস্ট্রিক্টের বর্তমান ELL শিক্ষার্থীর অন্য একজন পিতামাতা থাকেন, তাহলে যে ডিস্ট্রিক্টের CCELL-এ ইতোমধ্যে প্রতিনিধিত্ব নেই সেই ডিস্ট্রিক্ট থেক পরবর্তী সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত বর্তমান ELL শিক্ষার্থীর পিতামাতাকে শর্ত সাপেক্ষে নির্বাচিত করা হবে।

D. পুনঃনির্বাচন

1. পুনঃনির্বাচন পরিচলনা করা হবে যখন:

   a. প্রার্থীগণ সমান ভোট পেয়ে থাকেন;

   b. বর্তমান কোন ELL শিক্ষর্থীর পিতামাতা কোন ভোট না পান; অথবা

c. সকল প্রার্থী যারা একই ডিস্ট্রিক্ট শেয়ার করেন না তারা CCELL আসন পূরণ করার পর এক বা একাধিক আসন খালি থাকে।

2. প্রার্থীগণ সমান সমান ভোট পাবার ক্ষেত্রে, শুধুমাত্র ঐসব প্রার্থী যারা সমান ভোট পেয়েছেন তাদের মধ্যে পুনঃনির্বাচন হবে।

3. বর্তমান কোন ELL শিক্ষার্থীর পিতামাতা কোন ভোট না পাওয়ার করণে অনুষ্ঠিত পুনরায় নির্বাচনের ক্ষেত্রে, বর্তমান ELL আসনের জন্য পুনরায় নির্বাচনে বর্তমান ELL শিক্ষার্থীদের পিতামাতা শুধু নির্বাচনে অংশ নিতে পারবেন।

4. এক বা একাধিক আসন খালি থাকা এবং/অথবা CCELL-এ ইতোমধ্যে প্রতিনিধিত্বকারী ডিস্ট্রিক্টগুলির স্কুলে অংশগ্রহণকারী শিক্ষার্থীর পিতামাতা প্রার্থীদের বাদ দেবার পর যদি বর্তমান কোন ELL পিতামাতা আসন না পান, সেক্ষেত্রে শুধু শর্ত সাপেক্ষে যেসব প্রার্থীকে নির্বাচিত করা হয়েছে এবং যাদের সন্তান আসনপ্রাপ্ত প্রার্থীদের মধ্যে ইতোমধ্যে প্রতিনিধিত্বকারী ডিস্ট্রিক্টের তাদের মধ্যে পুনরায় নির্বাচন হবে। পুনঃনির্বাচন যদি সকল আসন পূরণে ব্যর্থ হয়, অথবা বর্তমান কোন ELL পিতামাতাকে আসন দেয়া সম্ভব না হয়, তাহলে CCELL-এ প্রতিনিধিত্বের জন্য ডিস্ট্রিক্টের একাধিক প্রতিনিধির বিষয়ের নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

5. নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে যখন টাই হয়, তাহলে DOE-এর পক্ষে নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে।

6. উপরে বর্ণিত পুনঃনির্বাচন প্রক্রিয়া যদি সকল আসন পূরণ করতে সক্ষম না হয়, কাউন্সিলে আসন খালি আছে ধরা হবে, যা এই প্রবিধানের সেকশন IX.A-এ উল্লিখিত প্রক্রিয়া অনুযায়ী পূরণ করতে হবে।

## VI. নির্বাচন-উত্তর উপযুক্ততা/যোগ্যতার পর্যালোচনা

A. প্রার্থীদের শর্তাধীনে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করবেন যে তিনি CCELL-এ কাজ করার যোগ্য কি-না। প্রার্থী যোগ্য কিনা সেটি FACE নির্ধারণ করে, FACE একটি লিখিত সিদ্ধান্ত ইস্যু করবে যার মধ্যে থাকবে তার এই ইস্যুকৃত বিষয়ের বাস্তব এবং আইনি ভিত্তি। FACE কর্তৃক কোন প্রার্থী অযোগ্য বিবেচিত হলে তাকে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী দিয়ে স্থলাভিষিক্ত করা হবে এবং যিনি এমন ডিস্ট্রিক্টের হবেন যার CCELL-এ কোন প্রতিনিধিত্ব নেই।

B. যদি কোনো নির্বাচিত প্রার্থী নির্বাচন বছরের 30 জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থী যিনি ইতোমধ্যেই CCELL-এ প্রতিনিধিত্বকারী কোনো ডিস্ট্রিক্ট থেকে আসেননি তিনি শর্তাধীনে নির্বাচিত বিবেচিত হবেন।

C. যদি অযোগ্য বা অনুপযুক্ত প্রার্থী কোন বর্তমান ELL শিক্ষার্থীর একমাত্র পিতামাতা হন যিনি নির্বাচিত হয়েছেন, বর্তমান একজন ELL শিক্ষার্থীর পিতামাতা যিনি প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ সংখ্যক ভোট পেয়েছেন এবং যিনি ইতোমধ্যে CCELL-এ ইতোমধ্যে প্রতিনিধিত্বকারী ডিস্ট্রিক্টের নন, তাকে শর্ত সাপেক্ষে নির্বাচিত বলে গণ্য করা হবে।

D. যদি এই সেকশনে উল্লিখিত বিধি অনুযায়ী নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে DOE-এর পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে।

E. যদি যোগ্য কোন প্রার্থীকে নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে কাউন্সিলের একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন IX.A-তে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী পূরণ করা হবে।

## VII. সময়

A. প্রতি দুই বছর পর পর, বেজোড় বছরে CCELL সদস্যদের নির্বাচনগুলি অনুষ্ঠিত হবে। যেকোন প্রয়োজনীয় পুনঃনির্বাচন বাদে, ভোট শেষ হবে মে মাসের দ্বিতীয় মঙ্গলবারে।

B. নির্বাচন অনুষ্ঠানের বছরের জানুয়ারিতে নির্বাচন প্রক্রিয়া শুরু হবে, যখন FACE কর্তৃক CCELL-এর ভূমিকা, তার কাজ-কর্ম, এবং কর্মকাণ্ড সম্পর্কিত সাধারণ তথ্য, প্রার্থী তথ্যের পাশাপাশি আবেদন এবং ভোটদান প্রক্রিয়ার প্রকৃতি সম্পর্কিত তথ্য বিতরণ করা হবে।

C. নির্বাচনের পর CCELL সদস্যদের মেয়াদ শুরু হবে 1 জুলাই থেকে এবং শেষ হবে পরবর্তী দুই বছর শেষে 30 জুন তারিখে। সকল CCELL সদস্যকে মেয়াদ শুরু হবার আগে অবশ্যই FACE কর্তৃক আয়োজিত পরিচিতি অধিবেশনে যোগ দিতে হবে, এবং কমপক্ষে তাদের মেয়াদের দ্বিতীয় বছরে একটি বাড়তি ট্রেনিং নিতে হবে।

## VIII. পদত্যাগ

A. পিতামাতা সদস্যবৃন্দ

পিতামাতা সদস্যদের পদত্যাগ অবশ্যই লিখিতভাবে করতে হবে, যা ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ পাঠাতে হবে। ভবিষ্যতের কোন তারিখ উল্লিখিত না থাকলে, পদত্যাগপত্র FACE-এ প্রদানের পরপরই কার্যকর হবে। FACE-এর সম্মতি ব্যতীত পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

B. পাবলিক এডভোকেটের নিযুক্তি

পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিযুক্তদের পদত্যাগ লিখিতভাবে পাবলিক অ্যাডভোকেটের কাছে এবং একটি কপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ পাঠাতে হবে। ভবিষ্যতের কোন তারিখ উল্লিখিত না থাকলে, পদত্যাগপত্রটি পাবলিক এডভোকেটের কাছে ডেলিভারির পরপরই কার্যকর হবে। পাবলিক এডভোকেটের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

C. শিক্ষার্থী সদস্য

DML কর্তৃক নিযুক্তদের পদত্যাগ লিখিতভাবে DML-এর কাছে এবং একটি কপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ পাঠাতে হবে। এ ধরনের ভবিষ্যতের কোন তারিখ উল্লিখিত না থাকলে, পদত্যাগপত্রটি DML-এর কাছে ডেলিভারির পরপরই কার্যকর হবে। DML-এর অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

## IX. পদশূন্যতা

A. পিতামাতা সদস্য ও পাবলিক এডভোকেট-এর নিযুক্ত সদস্যের পদশূন্যতা

1. যেসকল CCELL সদস্য যারা, তাদের পদের মেয়াদে, যথাযথভাবে অবহিতকরণের পরেও লিখিতভাবে বৈধ কারণ না দেখিয়ে সূচিভুক্ত CCELL-এর প্রতিমাসের নিয়মিত মিটিংগুলির তিনটিতে উপস্থিত থাকতে অস্বীকৃতি অথবা অবহেলা করেন, তাদেরকে ধরে নেয়া হবে তারা পদত্যাগ করেছেন।

   a. প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত ব্যাখ্যা ঐ মিটিংয়ের দাপ্তরিক কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হবে।

   b. অনুপস্থিতির জন্য এখানে বর্ণিত কারণগুলি বৈধ বলে বিবেচিত হয়: কোনো আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের অন্তেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; CCELL সদস্য বা পরিবারের কারো মারাত্মক অসুস্থতা বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকুরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে CCELL সভায় অনুপস্থিতি থাকা ছাড়া উপায় নেই; এবং অন্যান্য কারণ যা CCELL উপযুক্ত মনে করে। অন্য এই রকম কারণ বৈধ ধরা হতে পারে যদি সেগুলি লিখিতভাবে অনুপস্থিতির 15 দিনের মধ্যে CCELL-এ পাঠানো হয় এবং পরবর্তী নিয়মিত সূচিভুক্ত মাসিক মিটিংয়ের সময় CCELL-এর ভোটে অনুমোদিত হয় যেখানে মিটিংয়ের কোরাম উপস্থিত।

   c. তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পর CCELL আসনটিকে প্রস্তাব গ্রহণের মাধ্যমে শূন্য ঘোষণা করবে এবং FACE-কে এই পদক্ষেপের কথা জানিয়ে দেবে। পাবলিক অ্যাডভোকেট নিযুক্ত ব্যক্তির আসন শূন্য ঘোষিত হবার ক্ষেত্রে, CCELL পাবলিক অ্যাডভোকেটকেও অবহিত করবে।

2. CCELL-এ যখন কোন পিতামাতার পদ শূন্য হয়, CCELL-কে মেয়াদের অবশিষ্ট নির্বাচন সময়ের জন্য কোন একটি উন্মুক্ত সভা থেকে সে পদ পূরণ করতে হবে।

   a. CCELL শূন্য পদটি সম্পর্কে ব্যাপকভাবে প্রচার করবে, আবেদন প্রক্রিয়ার বিবরণ দেবে এবং আবেদনপত্র জমাদানের সময়সীমা উল্লেখ করবে।

   b. সকল প্রার্থী অবশ্যই FACE থেকে একটি CCELL শূন্যপদের আবেদনপত্র সংগ্রহ করবে এবং পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দেবে। FACE আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করবে, এবং যোগ্য প্রার্থীদের আবেদনের অংশসমূহ CCELL-এ পাঠাবে।

   c. যদি শূন্য আসনটি বর্তমান কোন ELL পিতামাতার পদ হয়, এবং বর্তমান কোন ELL পিতামাতা CCELL-এ অবশিষ্ট না থাকেন, শুধুমাত্র যোগ্য প্রার্থী হবেন বর্তমান ELL পিতামাতা প্রার্থীগণ।

   d. ELL পিতামাতাগণকে লিখিত সুপারিশ প্রদান করে এবং শূন্য পদ পূরণের আগে CCELL-এর সাথে মতবিনিময় করার সুযোগ দান করে।

3. ভোটের ঘোষণা দেওয়ার পরবর্তী 60 দিনের মধ্যে যদি CCELL কর্তৃক পিতামাতাদের জন্য নির্দিষ্ট আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি অন্য কারণে CCELL 60 দিনের মধ্যে আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে চ্যান্সেলর সে শূন্য আসন পূরণের আদেশ দেবেন।

4. পাবলিক এডভোকেট নিযুক্ত কোন আসন শূন্য হলে পাবলিক অ্যাডভোকেট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজনকে সদস্য নিযুক্ত করবেন। আগ্রহী ব্যক্তিগণ অবশ্যই FACE থেকে একটি CCELL পাবলিক অ্যাডভোকেট নিযুক্তির আবেদনপত্র সংগ্রহ করবেন এবং পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দেবেন। FACE যোগ্যতা আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি পাবলিক অ্যাডভোকেটের কাছে পাঠাবেন। সকল নিযুক্তির সিদ্ধান্ত পাবলিক অ্যাডভোকেটের বিবেচনা অনুযায়ী হবে।

B. একটি শিক্ষার্থী শূন্য পদের ক্ষেত্রে, DML যোগ্য শিক্ষার্থীদের তালিকা থেকে অবশিষ্ট মেয়াদের বাকি সময়ের জন্য অন্য একজন সিনিয়রকে নিযুক্ত করবে।

শিক্ষার্থী পদশূন্যতার ক্ষেত্রে DML মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য যোগ্য শিক্ষার্থী তালিকা থেকে একজন সিনিয়র শিক্ষার্থী নিয়োগ দেবে। DML FACE এবং CCELL-কে তার নিয়োগের ব্যাপারে অবহিত করবে।

## X. অভিযোগ প্রক্রিয়া

এই প্রবিধানের প্রতিপালন নিশ্চিত করার ব্যাপারে সকল অভিযোগ চ্যান্সেলর বরাবর লিখিতভাবে বিধিভঙ্গের পাঁচ (5) দিনের মধ্যে জমা দিতে হবে এবং অবশ্যই এতে অভিযোগের কারণ সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হবে।

## XI. কৌশলগত সহায়তা

FACE এই প্রবিধানের অন্তর্ভুক্ত প্রক্রিয়া বাস্তবায়নের ব্যাপারে তত্ত্বাবধান করবে এবং প্রয়োজনীয় কৌশলগত সহায়তা প্রদান করবে।

## XII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এমপাওয়ারমেন্ট

N.Y.C. Department of Education

52 Chambers Street - Room 409

New York, NY 10007

ফোন: 212-374-4118

ইমেইল: ccecinfo@schools.nyc.gov